

Class X

Bengali

Practice Questions, 2024-25

Set 4

Answer Key

1. সঠিক উত্তর বেছে লেখো - (1×3=3)

ক) অকস্মাৎ গোলপোস্টে লাগিয়া গোলরক্ষক মাথায় আঘাত পাইল। — চলিত ভাষায় রূপান্তর করলে হবে —

i) অকস্মাৎ গোলপোস্টে লেগে গোলরক্ষক মাথায় আঘাত পাইল।

ii) অকস্মাৎ গোলপোস্টে লেগে গোলরক্ষক আঘাত পাইয়াছিল।

iii) অকস্মাৎ গোলপোস্টে লেগে গোলরক্ষক মাথায় আঘাত পেলা। ✓

iv) অকস্মাৎ গোলপোস্টে লাগিয়া গোলরক্ষক মাথায় আহত হল।

খ) সৈনিকটিকে প্রহরীরা ধরে আনলে সে ব্যাকুল হয়ে পড়ল। — সাধু ভাষার রূপান্তর করলে হবে—

i) সৈনিকটিকে প্রহরীরা ধরিয়া আনিলে সে ব্যাকুল হয়ে পড়িল।

ii) সৈনিকটিকে প্রহরীগণ ধরে আনিলে সে ব্যাকুল হয়ে পড়ল।

iii) সৈনিকটিকে প্রহরীগণ ধরিয়া আনলে সে ব্যাকুল হয়ে পড়ল।

iv) সৈনিকটিকে প্রহরীগণ ধরিয়া আনিলে সে ব্যাকুল হইয়া পড়িল। ✓

গ) এতে তাঁর অন্তঃকরণে অতিশয় ক্ষোভ জন্মেছিল। — সাধু ভাষায় রূপান্তর করলে হবে—

i) এতে তাঁর অভঃকরণে অতিশয় ক্ষোভ জন্মিয়াছিল ।

ii) ইহাতে তাঁহার অভঃকরণে অতিশয় ক্ষোভ জন্মিয়াছিল। ✓

iii) এতে তাঁর অভঃকরণে অতিশয় ক্ষোভ জন্মাবে।

iv) ইহাতে তাদের অভঃকরণে অতিশয় ক্ষোভ জন্মাচ্ছে।

2.সন্ধি যুক্ত করো — (1×4=4)

ক) বাক্ + আড়ম্বর = বাগাডম্বর

খ) উদ্ + শ্বসিত = উচ্ছ্বসিত

গ) নিঃ + প্রভ = নিষ্প্রভ

ঘ) মনঃ + কামনা = মনস্কামনা

3.সন্ধি বিযুক্ত করো — (1×3=3)

ক) শরদিন্দু = শরৎ + ইন্দু

খ) নিরঙ্কুশ = নিঃ + অঙ্কুশ

গ) চতুরানন = চতুঃ + আনন

4.নির্দেশ অনুসারে বাক্য পরিবর্তন করো । (1×5=5)

ক) স্টেশনে পৌঁছিলাম আর ট্রেনটিও ছাড়িয়া দিল । ( সরল বাক্যে)

স্টেশনে পৌঁছিবামাত্র ট্রেনটিও ছাড়িয়া দিল ।

খ) বিদ্যুৎ সরবরাহে বিঘ্ন ঘটায় অনুষ্ঠানে ব্যাঘাত ঘটেছে । (জটিল বাক্যে)

যেহেতু বিদ্যুৎ সরবরাহে বিঘ্ন ঘটেছে সেহেতু অনুষ্ঠানে ব্যাঘাত ঘটেছে।

গ) যাবার সময় চোখ দিয়ে টপটপ করে জল পড়তে লাগলো । ( যৌগিক বাক্যে)

যাবার সময় উপস্থিত হল এবং চোখ দিয়ে টপটপ করে জল পড়তে লাগলো ।

ঘ) গাছ বড়ো হলে গরু ছাগলে তার কোনো ক্ষতিই করতে পারে না । (জটিল বাক্যে)

গাছ যখন বড়ো হয় তখন গরু ছাগলে তার কোনো ক্ষতিই করতে পারে না ।

ঙ) লতাপাতার মধ্যে অবস্থানকালে গায়ের রং হয় পাতার মতো সবুজ। (জটিল বাক্যে)

যখন লতাপাতার মধ্যে অবস্থান করে তখন গায়ের রং হয় পাতার মতো সবুজ।

5. রেখাঙ্কিত পদগুলির ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় করো — (1×5=5)

ক) পূজারী শুচিবস্ত্র পরিধান করিয়া দেবতার আরাধনা আরম্ভ করিলেন ।

শুচিবস্ত্র - শুচি যে বস্ত্র — সাধারণ কর্মধারয় সমাস

খ)পাড়ার লোকে সেদিন গল্প-গুজবে মত্ত ছিল।

গল্প-গুজবে – গল্প ও গুজব — দ্বন্দ্বসমাস, তাতে

গ)প্রাচীনকালের সেই বয়নশিল্প আমাদের মুগ্ধ করল ।

বয়নশিল্প – বয়ন নামক শিল্প — মধ্যপদলোপী কর্মধারয় সমাস

ঘ)অনাবৃষ্টিতে মাঠ ফুটিফাটা হয়ে গেছে ।

ফুটিফাটা – ফুটির ন্যায় ফাটা — উপমান কর্মধারয় সমাস

ঙ) তহবিলের টাকা গরমিল হওয়ায় বিমল বাবু মুশকিলে পড়লেন।

গরমিল – মিলের অভাব — অব্যয়ীভাব সমাস